# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 30-12-24** **Desk in Charge :**

**Time : 7-50PM** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ নকল পাসপোর্টের রমরমা রুখতে নতুন অ্যাপ আনছে রাজ্য সরকার।

২/ পশ্চিমবঙ্গ সারাদেশে অনুপ্রবেশকারী এবং জঙ্গিদের প্রবেশ পথ হয়ে উঠেছে বলে বিজেপি অভিযোগ করেছে।

# তৃণমূল কংগ্রেস অবশ্য অভিযোগ খন্ডন করে পালটা দাবী করেছে, BSF তাদের দায়িত্ব পালনে ব্যর্থ।

৩/ আইনি জটিলতার কারণে ২০২৩ সালের টেট পরীক্ষার ফলপ্রকাশের আপাতত কোনও সম্ভাবনা নেই বলে প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি জানিয়েছে।

৪/ সন্দেশখালি সফরে মুখ্যমন্ত্রী আজ কাটমানি নিয়ে সরব হয়ে বলেন, সরকারের কল্যাণমূলক প্রকল্পের সুবিধা পেতে কোনো অর্থ লাগে না। তা জনগণের অধিকার।
# কলকাতার স্টার থিয়েটারের নাম বদলে বিনোদিনী থিয়েটার করার কথাও ঘোষণা মুখ্যমন্ত্রীর।

৫/ তথ্য ও সম্প্রচার মন্ত্রকের আধিকারিক সম্রাট বন্দ্যোপাধ্যায়, IIT-খড়্গপুরের সমাবর্তনে স্বর্ণপদক লাভ করেছেন।

৬/ সন্তোষ ট্রফির ফুটবলের ফাইনালে আগামীকাল বাংলা, কেরালার মুখোমুখি হবে।

**********************************************************************

নকল পাসপোর্টের রমরমা রুখতে নতুন অ্যাপ আনছে রাজ্য সরকার। এই অ্যাপের মাধ্যমে পাসপোর্ট আবেদনকারির যাবতীয় নথি অনলাইনে যাচাই করা হবে বলে জানা গেছে । এরপর একজন পুলিশ কর্মী আবেদনকারীর বাড়িতে গিয়ে সব তথ্য যাচাই করে নিজের ও আবেদনকারির ছবি অ্যাপে আপলোড করবেন। আর এর মাধ্যমে খুব সহজেই বোঝা যাবে সংশ্লিষ্ট আবেদীনকারীর পাসপোর্ট ভেরিফিকেশনের ক্ষেত্রে কোন পুলিশকর্মী যুক্ত রয়েছেন। এছাড়াও পাসপোর্টের আবেদনের ক্ষেত্রে জাল আধার কার্ড ব্যবহার করা হচ্ছে কিনা তাও ওই অ্যাপের মাধ্যমে পরীক্ষা করে দেখা হবে। এজন্য আধার কর্তৃপক্ষের সঙ্গেও চুক্তি করা হয়েছে। সংশ্লিষ্ট আবেদনকারীর আধার খতিয়ে দেখার জন্য এই অ্যাপে আধার স্ক্যান করা হবে। তার মাধ্যমে ওই আধার আসল নাকি জাল তা সহজেই বোঝা যাবে। এই অ্যাপ ব্যবহার করে ভুয়ো নথি দিয়ে পাসপোর্ট তৈরিতে লাগাম টানা যাবে বলে রাজ্য সরকার আশাবাদী।

*************************

উত্তর ২৪ পরগণার বাগদায় বাংলাদেশ থেকে এদেশে অনুপ্রবেশকারী এক ব্যক্তি, এদেশের এক নাগরিককে নকল বাবা সাজিয়ে জাল আঁধার ও ভোটার কার্ড তৈরি করায়, ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। বাংলাদেশ থেকে বিনা পাসপোর্টে ভারতে অনুপ্রবেশ এবং জাল আধার ও ভোটার আই কার্ড তৈরীর অভিযোগে গ্রেপ্তার ভারতীয় নকল বাবা ও বাংলাদেশি ছেলে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, বাংলাদেশের যশোরের বাসিন্দা মাহবুব হোসেন রাসেল, এদেশে এসে রাহুল মন্ডল নাম নেয়। তারপর বাগদা থানার দুর্গাপুরের বাসিন্দা মাসুদ মন্ডলকে বাবা সাজিয়ে ভারতীয় পরিচয় পত্র তৈরি করে সে। খবর পেয়ে বাগদা থানার পুলিশ মাসুদ ও রাসেল ওরফে রাহুলকে গ্রেফতার করে। এদের আজ বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

*************************

পশ্চিমবঙ্গ অনুপ্রবেশকারী এবং জঙ্গিদের প্রবেশ পথ হয়ে উঠেছে বলে বিজেপি আবারো অভিযোগ করেছে।

কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন,মেডিকেল ও টুরিস্ট ভিসায় এদেশে ঢুকে অনুপ্রবেশকারীরা এখানেই বসবাস এবং ভোট ব্যাংক করছে। এরাজ্যে কোন জঙ্গি ধরা পড়লে, শাসক দল পুলিশ প্রশাসনকে আড়াল করতে বিএসএফের উপর দায় চাপাচ্ছে।

( বাইট- শুভেন্দু)

বিরোধী দলনেতার দাবী, রাজ্যে বিএসএফের নজরদারির সীমানা বাড়ানোর বিষয়ে কেন্দ্রের সিদ্ধান্তের বিরুদ্ধে ২০২১ সালে রাজ্য সরকার বিধানসভায় প্রস্তাব পাস করে। কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য'ও রাজ্য সরকার বিএসএফকে জমি দেয়নি। জমি অধিগ্রহণ কেন্দ্রের নয়, রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত। তাই রাজ্য কেন বিএসএফকে দায়ী করছে তিনি সেই প্রশ্ন তোলেন।

মুখ্যমন্ত্রীর আজকের সন্দেশখালি সফরের পালটা আগামীকাল তিনি সেখানে যাবেন বলে শুভেন্দুবাবু জানিয়েছেন।

এদিকে, তৃণমূল কংগ্রেসের তরফে খালি এরাজ্যে অনুপ্রবেশ ঘটছে- বিজেপির এই অভিযোগ খারিজ করা হয়েছে। দলের নেতা কুনাল ঘোষ সাংবাদিকদের বলেন, অসমে অনুপ্রবেশ ঘটছে, ত্রিপুরায় অনুপ্রবেশ ঘটছে, সেখানে বিজেপি সরকার। কুণাল বাবু বলেন, সীমান্ত সুরক্ষার দায়িত্ব কেন্দ্রের বিএসএফ-এর। সেই দায়িত্ব পালনে তারা ব্যর্থ হয়েছে।

( বাইট- কুণাল )

*************************

বনগাঁ পুর এলাকায় কাশ্মীরি শাল বিক্রেতাদের সংখ্যা হঠাৎ বৃদ্ধি পাওয়ায় পুর কর্তৃপক্ষ আশঙ্কা প্রকাশ করেছে। শাল ব্যবসার আড়ালে জঙ্গি গ্রেপ্তার হতেই বনগাঁর শাল ব্যবসায়ীদের সঠিক পরিচয় জানতে পুরসভার চেয়ারম্যান পুলিশকে চিঠি দিয়েছেন।

বনগাঁয়ে ব্যবসা করতে আসা কাশ্মীরি শাল ব্যবসায়ী ও ফেরিওয়ালাদের সঠিক পরিচয় জানার জন্যই  পুরপ্রধান গোপাল শেঠের এই চিঠি।

উল্লেখ্য, গত ২০ শে ডিসেম্বর ক্যানিং বাজার থেকে জঙ্গি সংগঠন তেহরিক-ই-মুজাহিদিনের পান্ডা জাভেদ আহমেদ মুন্সিকে জম্মু-কাশ্মীর ও রাজ্য পুলিশের এস টি এফ এর যৌথবাহিনী গ্রেফতার করে। জাভেদ গ্রেপ্তার হবার পর ভিন রাজ্য থেকে আসা শাল ব্যবসায়ীদের বিষয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

*************************

২০২৩ সালের টেট পরীক্ষার  ফলপ্রকাশের আপাতত কোনও সম্ভাবনা নেই বলে প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছে। আইনি জটিলতার কারণে এই ফল প্রকাশ করা সম্ভব হচ্ছে না বলে, সভাপতি গৌতম পাল জানিয়েছেন।

তিনি বলেন, ২০১৭ এবং ২০২২ সালের টেট নিয়ে থাকা জটিলতানা মেটা পর্যন্ত ফলপ্রকাশ করা যাবে না। ওই ২ বছরের পরীক্ষার পাশাপাশি ২০২৩ সালের টেট পরীক্ষা নিয়েও মামলা হয়েছে। সব মিলিয়ে এখন এমন পরিস্থিতি যে গত বছরের পরীক্ষার ফলই প্রকাশ করা যাচ্ছে না।

২০২২ ও ২০২৩ সালে টেট পরীক্ষা হলেও উত্তীর্ণ চাকরিপ্রার্থীদের এখনও নিয়োগ করা হয়নি। এরই মধ্যে আবার পর্ষদের তরফে আভাস দেওয়া হয়েছে, ২০২৪ সালের টেট পরীক্ষা নাও নেওয়া হতে পারে।

*************************

প্রাথমিকে নিয়োগ দুর্নীতি কাণ্ডে ধৃত সুজয় কৃষ্ণ ভদ্র আজ আদালত যাওয়ার পথে অসুস্থ হয়ে পড়ায় ইডির চার্জ গঠন প্রক্রিয়া পিছিয়ে গেছে। আগামী ২ জানুয়ারি এই সংক্রান্ত পরবর্তী শুনানি হবে। হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে তার মেডিকেল রিপোর্ট চেয়ে পাঠিয়েছে আদালত।

প্রেসিডেন্সি জেল থেকে আজ সকালে আদালতে নিয়ে যাওয়ার সময়ে হঠাৎ জ্ঞান হারান "কালীঘাটের কাকু" নামে পরিচিত সুজয়। গুরুতর অসুস্থ অবস্থায় তাঁকে এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তাঁর আইনজীবী, আলিপুরের

বেসরকারি হাসপাতালে ধৃতের চিকিৎসা করানোর আবেদন জানান। সেই আবেদন মঞ্জুর করে আদালত কলকাতা পুলিশকে তাঁর নিরাপত্তা নিশ্চিত করার নির্দেশ দেয়।

*************************

কাঁথি সমবায় ব্যাঙ্কের নির্বাচন বাতিলের দাবিতে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে বিজেপি।

বিজেপি নেতা শঙ্কর বেরা সহ ৫১ জন বিজেপি সমর্থিত প্রার্থীর অভিযোগ, নির্বাচনে ব্যাপক ছাপ্পা, সন্ত্রাস এবং রিগিংয় হয়েছে। তৃণমূল নেতা সুপ্রকাশ গিরির প্রত্যক্ষ মদতে সন্ত্রাসের অভিযোগ তুলেছেন তাঁরা।

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী সিসিটিভি ফুটেজ এবং সমস্ত নির্বাচনী নথি সংরক্ষণের নির্দেশ দিয়েছেন বিচারপতি শম্পা দত্ত পাল। সিসিটিভি ফুটেজ আগেই সংরক্ষণ করা হয়েছে বলে আদালতে জানিয়েছে রাজ্য সরকার।

*************************

কোচবিহারের দিনহাটা পুরসভার চেয়ারম্যান গৌরিশঙ্কর মাহেশ্বরী পদত্যাগ করেছেন। সম্প্রতি পুরসভার বিল্ডিং বিভাগের দুর্নীতি সামনে আসায় তিনি আজ বোর্ড মিটিং-এ পদত্যাগ পত্র পেশ করেন। পুরসভার চেয়ারম্যানের সই জাল করে কয়েকজন কর্মচারী সাধারণ মানুষের টাকা আত্মসাৎ করে তাঁদের জাল কাগজ দেয় বলে অভিযোগ। এরপরই গৌরিশঙ্করবাবুর এই পদক্ষেপ।

*************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আজ উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে ২০ হাজার প্রাপককে বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা প্রদান কর্মসূচির সূচনা করেছেন। ঋষি অরবিন্দ মিশন মাঠে ঐ প্রশাসনিক সভা থেকে সন্দেশখালির জন্য আরও একগুচ্ছ প্রকল্পের কথা ঘোষণা করে কাটমানি নিয়ে সরব হন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, সরকারের কল্যাণমূলক প্রকল্পের সুবিধা পেতে কোনো অর্থ লাগে না। তা জনগণের অধিকার।

(বাইট-মমতা কাটমানি )

এদিনের সভা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী বসিরহাট মহকুমার অধীনে এক গুচ্ছ নতুন প্রকল্পের উদ্বোধন ও শিল্যান্যাস করেন। তিনি জানান, ইছামতি নদীর জেটিঘাটগুলির উন্নয়ন হচ্ছে, নদীতে লঞ্চ ও স্পিড বোটের সংখ্যা বাড়ানো হচ্ছে। ধুপখালির বেড়মজুর এক নম্বর ও দুই নম্বর গ্রামপঞ্চায়েতের সংযোগকারী নতুন সেতু তৈরি, সন্দেশখালি গ্রামীন হাসপাতালের শয্যা সংখ্যা ৩০ থেকে বাড়িয়ে ৬০ করার ঘোষণা করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, মাঝারি ও ক্ষুদ্র শিল্পের অঙ্গ হিসেবে সন্দেশখালিতে মিষ্টির ক্লাস্টার তৈরি করা যেতে পারে। দুর্গম এলাকাগুলিতে সরকারি প্রকল্পের সুবিধা দ্রুত পৌঁছে দিতে জানুয়ারির শেষ সপ্তাহ থেকে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ পর্যন্ত দুয়ারে সরকারের শিবির করা হবে। বাংলার বাড়ি প্রকল্পে রাজ্যের ১২ লক্ষ মানুষের কাছে বরাদ্দ অর্থের ৫০ শতাংশ পৌঁছে গেছে। আবেদনকারী বাকি ১৬ লক্ষ মানুষের কাছে আগামী দেড় বছরের মধ্যে অর্থ পৌঁছে যাবে বলে তিনি জানান।

কলকাতার স্টার থিয়েটারের নাম বদলে বিনোদিনী থিয়েটার করা হবে বলেও মুখ্যমন্ত্রী ঘোষণা করেন।

(বাইট- মমতা স্টার )

সন্দেশখালি থেকে ফেরার পথে ডুমুরজলা স্টেডিয়ামে মুখ্যমন্ত্রী জানান, উদ্ধার হওয়া বাঘীনি ভাল আছে।

**************************

এদিকে, মুখ্যমন্ত্রীর সফরের আগে তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন সন্দেশখালি আন্দোলনের অন্যতম নেতা সুজয় মণ্ডল। বিজেপি নেত্রী রেখা পাত্রের ‘রাজনৈতিক গুরু’ হিসাবে পরিচিত সুজয় মাস্টার, দলীয় কার্যালয়ে তৃণমূলের পতাকা হাতে তুলে নেন। আগেও তিনি তৃণমূলেই ছিলেন, স্থানীয় নেতৃত্বের কাজে বীতশ্রদ্ধ হয়ে দল ছাড়েন বলে সুজয়ের দাবি।

**************************

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব আগামীকাল অবসর গ্রহণ করছেন। ২০১৭ সালের ফেব্রুয়ারী মাস থেকে তিনি ওই পদে রয়েছেন। দুটি লোকসভা এবং একটি বিধানসভা নির্বাচন সুষ্ঠ, অবাধ ও শান্তিপূর্ণ ভাবে পরিচালনা করে সব মহলের প্রশংসা কুড়িয়েছেন তিনি।

**************************

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সিভিল সার্ভিস আধিকারিক সম্রাট বন্দ্যোপাধ্যায়, IIT-খড়্গাপুরের রাজীব গান্ধী স্কুল অফ ইন্টেলেকচুয়াল প্রপার্টি ল' থেকে আইন বিষয়ে স্নাতক ডিগ্রী লাভ করেছেন। আজ IIT-র ৭০তম সমাবর্তন অনুষ্ঠানে তাঁকে স্বর্ণপদক দিয়ে সম্মানিত করা হয়।

এর আগে ২০২১-২৪ শিক্ষাবর্ষে তিনি খড়্গাপুর-IIT থেকেই MBA ডিগ্রী লাভ করেন। খড়্গপুরের বাসিন্দা সম্রাট এখন দিল্লির প্রেস ইনফর্মেশন ব্যুরোতে কর্মরত। সমাবর্তন অনুষ্ঠানে তাঁর অনুভূতির কথা আকাশবাণীকে জানালেন সম্রাট-

( বাইট- সম্রাট )

**************************

সিকিমে বেড়াতে গিয়ে নিউ ব্যারাকপুরের বাসিন্দা বছর ২৫-এর পায়েল শাসমল ও তার আড়াই বছরের শিশুকন্যা সিমিকার মৃতদেহ আজ সন্ধ্যের বিমানে কলকাতায় নিয়ে আসা হচ্ছে। তাঁদের সঙ্গে আছেন পরিবারের লোকজন ও পুলিশ।

পায়েলের স্বামী গুরুতর আহত শোভন শাসমলকে সড়ক পথে কলকাতায় নিয়ে আসাস হচ্ছে।

উল্লেখ্য, উত্তর সিকিমের লামাটোনে গত শনিবার সন্ধ্যায় একটি চার চাকার গাড়ী নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে গেলে এই দুর্ঘটনা ঘটে।

**************************

বর্ষবরণের রাতে যাত্রী সুরক্ষায় মেট্রো রেল নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। আগামীকাল কবি সুভাষ-দক্ষিনেশ্বর করিডরের পার্ক স্ট্রিট, এসপ্ল্যানেড, ময়দান, রবীন্দ্রসদন, দমদম ও দক্ষিনেশ্বর স্টেশনে নজরদারিতে অতিরিক্ত আরপিএফ জওয়ান মোতায়েন থাকবে বলে  মেট্রোর তরফে আজ এক বিবৃতিতে জানানো হয়েছে। পাশাপাশি মহিলা যাত্রী ও শিশুদের সুরক্ষায় পার্ক স্ট্রিট, এসপ্ল্যানেড, ময়দান স্টেশনে মহিলা আরপিএফ আধিকারিক মোতায়েন রাখার সঙ্গে সঙ্গে  সিসিটিভি র মাধ্যমে নজরদারি চালানো  হবে।

উল্লেখ্য, বর্ষবরণের রাতে যাত্রী ভিড় সামাল দিতে মেট্রো রেল আগামীকাল এই করিডরে আপ ও ডাউনে মোট ৬টি অতিরিক্ত ট্রেন চালাবে বলে আগেই জানিয়েছে।

**************************

বাংলা, আগামীকাল জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির ফাইনালে কেরালার মুখোমুখি হবে। হায়দরাবাদের গাচ্চিবৌলি ষ্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

এদিকে, সন্তোষ ট্রফির ফাইনালে বাংলার সাফল্য নিয়ে আজ নিউ সেক্রেটারিয়েটের ক্রীড়া দপ্তরে আই এফ এ'র সভাপতি, সহ-সভাপতি সহ অন্যান্য কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস।

*******************************************************************